# ২০২৩
# বাংলা
(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-4

(বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ)

পূর্ণমান : ৬০ সময় : ২ $\frac{১}{২}$ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের রচয়িতা কে? উপন্যাসটি কি জাতীয় উপন্যাস বলে তোমার মনে হয়?

খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে কয়টি খন্ড ও পরিচ্ছেদ আছে?

গ) নবকুমারের নিবাস কোথায় ছিল? তিনি কোন্ শ্রেণীর ব্রাহ্মণ ছিলেন?

ঘ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে কয়টি অঙ্ক ও কয়টি গর্ভাঙ্ক আছে?

ঙ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের দুটি পুরুষ চরিত্রের নাম লেখো।

(পরের পাতায়)

চ) "কি সর্ব্বনাস! তবে এখন এর উপায় কি?"—কীসের সর্বনাশ? কথাটি কে বলেছিল?

ছ) 'জ্ঞানতরঙ্গিনী' সভাটির স্থান কোথায় নির্বাচন করা হয়?

জ) "এখন আমার বাড়ী থেকে বেরনো ভার।"—কার, কেন বাড়ী থেকে বেরোনো ভার ছিল?

ঝ) 'পটুয়া শিল্প' প্রবন্ধটি কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

ঞ) "আদর্শ বিচ্যুত হল ছবি।"—ছবি কেন আদর্শ বিচ্যুত হল?

ট) "সব ছবিরই দুটো দিক থাকে"—দিক দুটি কী কী?

ঠ) 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধটি কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত? তার প্রকাশকাল লেখো।

ড) 'যে ধনীর কীর্তি নেই, হাতে কর্ম নেই' তাদের সবচেয়ে কীসের প্রয়োজন হয়?

ঢ) 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধটি রবীন্দ্রনাথ কোন্ সময় রচনা করেছিলেন?

ণ) "তবুও পটের ছবি সজ্ঞান ছিল না।"—তাৎপর্য লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "মহাশয় যাহা জগদীশ্বরের হাত, তাহা পন্ডিতে বলিতে পারে না-ও মূর্খ কী প্রকারে বলিবে? আপনি ব্যস্ত হইবেন না।"— উদ্ধৃতিটি কার? জগদীশ্বর ও মূর্খ বলতে কাদের বোঝানো হয়েছে? কোন্ ঘটনাকে কোন্ পরিস্থিতিতে এখানে জগদীশ্বরের হাত বলা হয়েছে?



খ) "যখন রমণী পরদুঃখে গলিয়া যায়, কেবল তখনই রমণীকণ্ঠে সে স্বর সম্ভব।"—কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? 'রমণীর পরদুঃখে গলে যাবার' তাৎপর্য কী?

গ) "না, না-পরে আবার কেন? শুভকর্মে বিলম্বে কাজ কি?" —কথাটি কে, কাকে, কোন্ প্রসঙ্গে বলেছিল? শুভ কর্ম কী? কাজটি পরে করার জন্য বলা হয়েছিল কেন?

ঘ) "তুই ভাই, কাছে গিয়ে তোর দাদাকে চুপ বল না।" —কে, কার প্রতি এই উক্তি করেছে? এখানে বক্তার কি মনোভাব প্রকাশ পেয়েছে?

ঙ) "শিল্পের জগতে পৌরাণিক সত্তার প্রতি বিশ্বাস গুরুত্বপূর্ণ"—আলোচনা করো।

চ) "এরূপ বিভাগ না হইলে বিপদ ঘটিত"—বিভাগটি কী? অন্যথা হলে কেন বিপদ ঘটত?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের নবকুমার চরিত্র বিশ্লেষণ করো।

খ) "কপালকুণ্ডলা'-য় সমসাময়িক সমাজ-জীবনের কথা সুন্দরভাবে ফুটে উঠেছে"—আলোচনা করো।

গ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসন হিসেবে কতখানি সার্থক তা বিচার করো।

ঘ) 'পট' শব্দটির অর্থ কী? বাংলাদেশের পটুয়া শিল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।

---